

💵 হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ শুভাশুভ, সাজসজ্জা, পানাহার ও বিবিধ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩১. খাওয়ার সময় সালাম না দেওয়া

প্রচলিত ধারণা হলো খাওয়ার সময় সালাম দেয়া ঠিক না। বলা হয়:

لاَ سَلاَمَ عَلَى آَكِلٍ

"খাদ্য গ্রহণকারীকে সালাম দেয়া হবে না।"

সাখাবী, মোল্লা কারী ও আজলূনী বলেন, হাদীসে এ কথার অস্তিত্ব নেই। তবে যদি কারো মুখের মধ্যে খাবার থাকে, তাহলে তাকে সালাম না দেওয়া ভাল। এ অবস্থায় কেউ সালাম দিলে উত্তর প্রদান ওয়াজিব নয়।

ফুটনোট

[1] সাখাবী, আল-মাকাসিদ, পৃ: ৪৬০; মোল্লা আলী কারী, আল-আসরার, পৃ: ২৬৫; আজলূনী, কাশফুল খাফা ২/৪৮৮; যারকানী, মুখতাসারুল মাকাসিদ, পূ: ২০৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5029

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন